# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬৩৭৬/২৭১ তারিখ : ০৫-০৭-২০২২ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটির নির্বাচন সংক্রান্ত বিষয়ে/গঠন প্রক্রিয়া সম্পর্কে আনীত অভিযোগ তদন্ত প্রসঙ্গে

সূত্র : বিগত ২০-০৩-২০২২ খ্রি. তারিখের অনলাইন আবেদন। (আইডি নং-১৩৭৮৮)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ শাহজাহান আলী ফিসসহ ১৩৭৮৮ নং আইডিতে অভিযোগ দায়ের করলে জেলা প্রশাসক, যশোর-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের অনুরোধ করে পত্র দেয়া হয়। জেলা প্রশাসক তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন, কিন্তু প্রতিবেদনে ম্যানেজিং কমিটির নির্বাচন সংক্রান্ত বিষয়ে/গঠন প্রক্রিয়া সম্পর্কে স্পষ্ট করে কিছু উল্লেখ করেননি। সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ শাহজাহান আলী পুনরায় ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়া ও সকল কার্যক্রমের অনিয়মের বিষয়ে পুনরায় অভিযোগ দাখিল করেছেন। তিনি আরো উল্লেখ করেছেন যে, এডহক কমিটির দুইজন সদস্যকে কোন কিছু না জানিয়ে শুধুমাত্র ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতি কারসাজি করে বিধি-বহির্ভূতভাবে ম্যানেজিং কমিটি গঠনের সকল কার্যক্রম সম্পন্ন করেছেন। এমতাবস্থায়, উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে সকল বিষয়ে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অভিযোগের কপি সংযুক্ত :

জেলা শিক্ষা অফিসার
যশোর

ড. বিশ্বাস শাহিন আহম্মদ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নং- বিঅ-৬/৬৩৭৬/২৭১(১-৭) তারিখ : ০৫-০৭-২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা শিক্ষা অফিসার, যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, বুড়িহাটী, কেশবপুর, যশোর
৬। প্রধান শিক্ষাক
বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, বুড়িহাটী, কেশবপুর, যশোর
(৫-৬:) তদন্ত কাজের সহযোগিতা কারার জন্য অনুরোধ করা হলো।
৭। সংরক্ষণ নথি।

০৫.০৭.২০২২

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

০৫/৭/২২

zulfikar-Investigation-1

# বুড়িহাটী বহুমখী মাধ্যমিক বিদ্যালয়

স্থাপিত- ১৯৮৫ ইং।
ডাকঘর- বুড়িহাটী, উপজেলা- কেশবপুর, জেলা- যশোর।
স্কুল কোডঃ ৬৩৭৬, ভোকেশনাল কোড: ৩৩০২৯, ইন নং- ১১৫৮৫০, মোবাঃ ০১৭১৫৯৭৩৩১৫

সূত্রঃ　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ:

বরাবর

চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,
যশোর।

**বিষয়ঃ বিধি বহির্ভূতভাবে গঠিত নিয়মিত ম্যানেজিং কমিটি বাতিলের আবেদন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহিত বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ শাহজাহান আলী, প্রধান শিক্ষক, বুড়িহাটী মাধ্যমিক বিদ্যালয়, কেশবপুর, যশোর। উক্ত বিদ্যালয়ে বিধি বহির্ভূত ভবে জনাব শাহনি চাকলাদার, এমপি মহোদয় এডহক কমিটি গঠনের লক্ষে ০৮/০৮/২০২১ ইং তারিখে মসলেম সাহেব কে সুপারিশপত্র প্রদান করেন। উক্ত কমিটি অনুমোদন হওয়ার আগেই ০৯/১০/২০২১ ইং তারিখে সভাপতি জনাব মসলেম উদ্দীন আমার উপরে ব্যক্তি আক্রোশের বশভূত হয়ে কোন কারণ দর্শানোর নোটিশ চাড়াই আমাকে সাময়িক বরখাস্ত করেন এবং ১৩/১০/২০২১ ইং তারিখে যশোর শিক্ষাবোর্ড এ্যাডহক কমিটি অনুমোদন দেন। নিয়ম বহির্ভূত ভাবে আমাকে বরখাস্ত করায় আমি এডহক কমিটির বৈধতা চ্যালেঞ্চ করে মহামান্য হাইকোর্টে একটি মামলা করি, যার নং- ৯২১৬/২১। বিজ্ঞ আদালত এডহক কমিটির সকল কার্যক্রম স্থগিত করেন। এছাড়াও সভাপতি হমোদয় এডহক কমিটি অনুমোদনের জন্য নিজেই নিম্ন আদালতে একটি মামলা দায়ের করেন, যার নং- ৫৪১/২১ তবে মহামান্য আফিল বিভাগে রায়ের বিরুদ্ধে আমার কোন অভিযোগ নাই। নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষে সকল কার্যক্রম বিধি বহিরর্ভূত হইয়াছে। যেমন খসড়া ও চুড়ান্ত ভোটার তালিকা নোটিশ বোর্ডে টাঙ্গনো হয় নাই ও শ্রেণী কক্ষে শিক্ষার্থীদের জানানো হয় নাই। তাছাড়া এডহক কমিটির ০২ (দুই) জন সদস্যকে কোন কিছু না জানিয়ে শুধুমাত্র ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতি কারসাজি করে বিধি বহির্ভূতভবে সকল কার্য সম্পন্ন করেছেন। কপি সংযুক্ত।

এছাড়াও উক্ত কমিটি যাতে অনুমোদন দেওয়া না হয় তার জন্য আমি যশোর শিক্ষাবোর্ড সহ বিভিন্ন দপ্তরে ১১/১২/২০২১ ইং তারিখে আবেদন করি। তারপরও যশোর শিক্ষাবোর্ড আমার আবেদন ও হাইকোর্টের একাধিক মামলা কে উপেক্ষা করে গত ০৬/০১/২০২২ তারিখে অবৈধ নিয়মিত কমিটিকে অনুমোদন দেওয়া হয়। এরপর সভাপতি মহোদয় আমাকে চুড়ান্ত বরখাস্ত করার জন্য হুমকি দেয় এবং বিদ্যালয়ের কয়েকটি পদে নিয়োগ দেওয়র জন্য মাননীয় একপি মহোদয়ের নাম ভাঙ্গিয়ে নিয়োগে অর্থ বাণিজ্য করতে থাকে। সভাপতি মহোদয় কমিটির অন্যান্য সদস্যদের কোন কিছু না জানিয়ে ভরপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতির যোগসাজশে বিধি বহির্ভূত ভাবে সকল কার্যক্রম কও‌ে চলেছে। যা উক্ত বিদ্যালয়ের ভবিষ্যতের জন্য ক্ষতির কারণ হতে পারে।

অতএব, হুজুর সমীপে আকুল আবেদন এই যে, বিদ্যালয়ের সুনাম অক্ষন্ন রাখতে বর্তমান দূর্নীতি পরায়ণ সভাপতির কার্যক্রম বন্ধ ও বিধি বহির্ভূত নিয়মিত কমিটি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের একান্ত মর্জি হয়।

বিনীত নিবেদক

(মোঃ শাহজাহান আলী)
প্রধান শিক্ষক
বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়
কেশবপুর, যশোর।

মোঃ শাহজাহান আলী
প্রধান শিক্ষক
বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়
ডাকঃ বুড়িহাটী, কেশবপুর, যশোর।
ইনডেক্স নং-২১৫৩৮৫
মোবাঃ ০১৭১৫-৯৭৩৩১৫

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার
কেশবপুর, যশোর।

বিষয়ঃ বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন , আমরা নিম্ন স্বাক্ষরকারী এই মর্মে অভিযোগ করছি যে, গত ১৩/১০/২০২১ ইং তারিখ অত্র উপজেলাধীন বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটি প্রকাশ করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। আমরা উক্ত এডহক কমিটির একজন শিক্ষক ও অভিভাবক সদস্য প্রতিনিধি। গত ২১/১০/২১ ও ২৩/১০/২১ ইং তারিখে পরপর দুটি মিটিং অনুষ্ঠিত হয়। ২৩/১০/২১ ইং তারিখের নোটিশে আলোচ্য বিষয় ছিল (১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।(২) খসড়া ভোটার তালিকা তৈরী (৩) বিবিধ। মিটিং শেষে কিছু না লেখে ফাঁকা রেজুলেশন খাতায় স্বাক্ষর করে নেই। পরবর্তীতে আর কোনো কমিটির মিটিং হয়নি এবং ২৩/১০/২১ ইং তারিখের রেজুলেশনের সিদ্ধান্ত পঠন ও অনুমোদন হয়নি। অভিভাবক সদস্য জনাব কেরামত আলী ও শিক্ষক প্রতিনিধিকে ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে কিছু না জানিয়ে সভাপতি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দুজনে মিলে চূড়ান্ত ভোটার তলিকা প্রকাশ ও নোটিশ বোর্ডে না দিয়ে তফসিল ঘোষনা করে। যাহা বিধি-বর্হিভূত।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন, যাতে বিধি-বর্হিভূত ভাবে ম্যানেজিং কমিটি গঠন করতে না পারে তার সুব্যবস্থা করতে মহানুভবের একান্ত মার্জি হয়।

মোঃ কেরামত আলী
অভিভাবক সদস্য
মোবাঃ ০১৭৩৬-৫৫৮৮৩২

বিনীত নিবেদক

মোঃ মাহবুবুর রহমান
সহকারী শিক্ষক(বিজ্ঞান) ও
শিক্ষক প্রতিনিধি
বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়
কেশবপুর,যশোর।
মোবাঃ ০১৭১৫-৯৪৭৫০৯

অনুলিপিঃ
১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর,যশোর।
১) প্রিজাইডিং অফিসার, ম্যানেজিং কমিটি নির্বাচন ও
উপজেলা একাডেমিক সুপারভাইজার,কেশবপুর,যশোর।